

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং- ১৬/মুসক/২০১৬ তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬খ্রিঃ।

বিষয়ঃ নতুনভাবে সংজ্ঞায়িত ‘অনলাইনে পণ্য বিক্রয়’ সেবাটিকে পূর্বের ধারাবাহিকতায় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

যেহেতু, ‘অনলাইনে পণ্য বিক্রয়’ (সেবার কোড S০৯৯.৫০) সেবাটিকে প্রজ্ঞাপন এস.আর.ও নং - ২১৭-আইন/২০১৫/৭৩৬-মুসক, তারিখঃ ০১ জুলাই, ২০১৫ খ্রিঃ এর মাধ্যমে ইতোপূর্বে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হই যাচ্ছে এবং উহা বর্তমানেও বহাল আছে; এবং

যেহেতু, ‘অনলাইনে পণ্য বিক্রয়’ সেবাটিকে প্রজ্ঞাপন এস .আর.ও নং - ১৭৭-আইন/২০১৬/৭৫৩, তারিখঃ ০২ জুন, ২০১৬খ্রিঃ এর মাধ্যমে পুনরায় নতুনভাবে সংজ্ঞায়িত করা হইয়াছে এবং প্রকৃত ই-কমার্স সংশ্লিষ্ট ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য উক্ত নতুন সংজ্ঞা কার্যকর করার নিমিত্তে পূর্বের ধারাবাহিকতায় নতুনভাবে সংজ্ঞায়িত সেবাটিকেও মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা আবশ্যিক;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সেবার কোড S০৯৯.৫০ এর আওতায় ‘অনলাইনে পণ্য বিক্রয়’ সেবাটিকে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

(মোহাম্মদ মশিউর রহমান)
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)